

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৫৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬৩৫]

৪৬। সদ্যবহার, আত্মীয়তার সম্পর্ক রক্ষা ও শিষ্টাচার (كتاب البر والصلة والآداب)

পরিচ্ছেদঃ ৪৭. সন্তানের মৃত্যুতে যে লোক সাওয়াবের আশা করে তার মর্যাদা

باب فَضْل مَنْ يَمُوتُ لَهُ وَلَدٌ فَيَحْتَسِبُهُ

### আরবী

حَدَّثَنَا سُويْدُ بْنُ سَعِيد، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، \_ وَتَقَارَبَا فِي اللَّفْظِ \_ قَالاَ حَدَّثَنَا الْمُعْتَمِنُ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي السَّلِيلِ، عَنْ أَبِي حَسَّانَ، قَالَ قُلْتُ لأَبِي هُرَيْرَةَ إِنَّهُ قَدْ مَاتَ الْمُعْتَمِنُ، عَنْ أَبِيهِ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِحَديث تُطيِّبُ بِهِ أَنْفُسَنَا عَنْ مَوْتَانَا قَالَ قَالَ نَعَمْ " صِغَارُهُمْ دَعَامِيصُ الْجَنَّةِ يَتَلَقَّى أَحَدُهُمْ أَبَاهُ \_ أَوْ قَالَ أَبويْهِ عَنْ مَوْتَانَا قَالَ قَالَ نَعَمْ " صِغَارُهُمْ دَعَامِيصُ الْجَنَّةِ يَتَلَقَّى أَحَدُهُمْ أَبَاهُ \_ أَوْ قَالَ أَبُويْهِ \_ فَيَأْخُذُ بِثَوْيِهِ \_ أَوْ قَالَ بِيدِهِ \_ كَمَا آخُذُ أَنَا بِصِينِفَةِ تَوْيِكَ هَذَا فَلاَ يَتَنَاهَى \_ أَوْ قَالَ فَلاَ يَتَنَاهَى \_ أَوْ قَالَ فَلاَ يَنْتَهِي \_ حَتَّى يُدْخِلَهُ اللَّهُ وَأَبَاهُ الْجَنَّةَ ". وَفِي رِوَايَةِ سُويْدٍ قَالَ حَدَّثَنَا أَبُو السَّلِيلِ وَحَدَّتَنِيهِ عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا يَحْيَى \_ يَعْنِي ابْنَ سَعِيد \_ عَنِ التَّيْمِيّ بِهَذَا الْإِسْنَادِ وَقَالَ فَهَلْ سَمِعْتَ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم شَيْئًا تُطَيِّبُ بِهِ أَنْفُسَنَا عَنْ مَوْتَانَا قَالَ نَعَمْ .

#### বাংলা

৬৫৯৫-(১৫৪/২৬৩৫) সুওয়াইদ ইবনু সাঈদ ও মুহাম্মাদ ইবনু আবদুল আ'লা (রহঃ) ..... আবু হাসসান (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবু হুরাইরাহ (রাযিঃ) কে বললাম, আমার দুটি ছেলে সন্তান মৃত্যুবরণ করেছে। আপনি কি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর পক্ষ হতে একটি হাদীস উল্লেখ করবেন, যাতে আমাদের মৃতদের ক্ষেত্রে আপনি আমাদের মনে শান্তি দিতে পারেন। তিনি (বর্ণনাকারী) বলেন, তিনি বললেন, হ্যাঁ, তাদের জন্যে তার ছোট শিশুরা জান্নাতের প্রজাপতি তুল্য। তাদের মাঝে কেউ তার পিতার সাথে মিলিত হবে, অথবা তিনি বলেছেন বাবা মা দু'জনের সাথে মিলিত হবে। অতঃপর তিনি তার পরিধানের কাপড় কিংবা বলেছেন, হাত ধরবে, যেমনটি আমি তোমার কাপড়ের আঁচল ধরছি। এরপর আর তারা তাদের ছাড়বে না, কিংবা রাবী বলেছেন, ধরে থাকা শেষ হবে না যতক্ষণ পর্যন্ত না আল্লাহ তার বাবা-মাকে জান্নাতে প্রবেশ করবেন। সুওয়াইদ (রহঃ) এর বর্ণনায় আরো রয়েছে, আবু সালীল আমাদেরকে হাদীসটি বর্ণনা করেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ৬৪৬২, ইসলামিক সেন্টার ৬৫১৩)



উবাইদুল্লাহ ইবনু সাঈদ (রহঃ) ..... আত তাইমী (রহঃ) হতে এ সূত্রে হুবহু হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, আপনি কি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এমন কিছু শুনেছেন, যা আমাদের মৃতদের সম্পর্কে আমাদের হৃদয়কে খুশি করে দেয়? তিনি বললেন, হাাঁ। (ইসলামিক ফাউন্ডেশন ৬৪৬২, ইসলামিক সেন্টার ৬৫১৪)

# **English**

## Abu Hassan reported:

I said to Abu Huraira that my two children had died. Would you narrate to me anything from Allah's Messenger () a hadith which would soothe our hearts in our bereavements? He said: Yes. Small children are the fowls of Paradise. If one of them meets his father (or he said his parents) he would take hold of his cloth, or he said with his hand as I take hold of the hem of your cloth (with my hand). And he (the child) would not take off (his hand) from it until Allah causes his father to enter Paradise. This hadith has been narrated on the authority of Tamim with the same chain of transmitters. And he is reported to have said: Did you hear from Allah's Messenger () anything which may soothe our heart in our bereavements? He said: Yes.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হাসসান (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন